তারিখ 11 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

সমকাল

# উত্তরা হাইস্কুলের গভর্নিং বডির দুই সদস্য গ্রেফতার

■ সমকাল প্রতিবেদক

শিক্ষা প্রতিষ্ঠানকে অস্থিতিশীল করার চেষ্টা ও অভিভাবকদের মারধর করার অভিযোগে উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির দুই সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ। তারা হলেন- ফজলুল হক ও আমান উল্লাহ। গত মঙ্গলবার গ্রেফতারের পর গতকাল বুধবার তাদের আদালতে হাজির করা হয়।

উত্তরা পশ্চিম থানার ওসি আলী হোসেন সমকালকে বলেন, মঙ্গলবার সকালে আলোচনার নাম করে অভিভাবকদের উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজের ভেতরে ডেকে নিয়ে যান গভর্নিং বডির দুই সদস্য। পরে তারা কয়েকজন শিক্ষকসহ অভিভাবকদের মারধর করেন।

অভিভাবক রাশেদুল হুদা চৌধুরীর অভিযোগের ভিত্তিতে ফজলুল হক ও আমান উল্লাহকে গ্রেফতার করা হয়েছে। আমান উল্লাহর বিরুদ্ধে নাশকতাসহ বিভিন্ন অভিযোগে কয়েকটি মামলা রয়েছে। জামায়াত-শিবিরের ইন্দনে একটি চক্র প্রতিষ্ঠানে অস্থিতিশীল পরিবেশ তৈরির চেষ্টা করছে বলেও জানান ওসি।